

### আন্তঃ বিশ্ববিদ্যালয় অফিসার ও কর্মচারীদের কর্মবিরতি স্থগিত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার  
বাংলাদেশ আন্তঃবিশ্ববিদ্যালয় অফিসার্স  
ফেডারেশন আগামীকাল (রবিবার) হইতে  
৫ই জুলাই পর্যন্ত তাহাদের পূর্বঘোষিত  
কর্মবিরতিসহ অন্য সকল কর্মসূচী স্থগিত  
ঘোষণা করিয়াছে। অফিসার্স  
ফেডারেশনের সহিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের  
(২য় পৃষ্ঠায় ৫-এর কঃ দ্রঃ)

### আন্তঃবিশ্ববিদ্যালয় (প্রথম পৃঃ পর)

ডিসি'র এক বৈঠকে ডিসি জুলাই-এর  
প্রথম সপ্তাহে ফেডারেশনের দাবী গ্রহণের  
বিষয়ে একটি সুপারিশ যথাযথ কর্তৃপক্ষের  
নিকট পেশ করিবেন বলিয়া আশ্বাস দেন।  
উহার প্রেক্ষিতে ফেডারেশন কর্মবিরতির  
কর্মসূচী স্থগিত করে। অফিসারদের  
চাকুরীর বয়সসীমা ৬৫ বছরে উন্নীতসহ  
চার দফা দাবীতে ফেডারেশন এই  
কর্মবিরতির কর্মসূচী নিয়াছিল। আগামী  
১৩ই জুলাইয়ের মধ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ  
সন্তোষজনক কোন সিদ্ধান্ত না নিলে  
ফেডারেশন কঠোর কর্মসূচী পালন  
করিবে।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় হইতে  
সংবাদদাতা জানান, বাংলাদেশ  
বিশ্ববিদ্যালয় পরিষদের চেয়ারম্যান এবং  
অন্যান্য বিশ্ববিদ্যালয়ের ভাইস  
চ্যান্সেলরদের অনুরোধের প্রেক্ষিতে  
আন্তঃবিশ্ববিদ্যালয় কর্মচারী ফেডারেশন  
আজ (শনিবার) হইতে আগামী ২৮শে  
জুন পর্যন্ত মোট নয় দিন তাহাদের  
পূর্বঘোষিত সাত দফা দাবী আদায়ের  
লক্ষ্যে আহুত পূর্ণ দিবস ধর্মঘট স্থগিত  
করিয়াছে। গত ১৪ই জুন ফেডারেশন  
নেতৃবৃন্দ এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয়  
পরিষদের চেয়ারম্যান ও অন্যান্য  
বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরদের মধ্যে  
আলোচনায় আগামী জুলাই মাসের প্রথম  
সপ্তাহের মধ্যে সাত দফা দাবীসমূহ  
বিবেচনা করিবার আশ্বাসের প্রেক্ষিতে  
আন্তঃবিশ্ববিদ্যালয় কর্মচারী ফেডারেশন  
ধর্মঘট স্থগিত করিবার সিদ্ধান্ত গ্রহণ  
করে।

তবে, ফেডারেশন নেতৃবৃন্দ এক প্রেস  
বিজ্ঞপ্তিতে জানাইয়াছে, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ  
যদি জুলাই মাসের প্রথম সপ্তাহের মধ্যে  
সাত দফা দাবী বাস্তবায়নে কোনরূপ  
কার্যকর পদক্ষেপ গ্রহণ না করে, তাহা  
হইলে আগামী ১২ই জুলাই হইতে ২৩শে  
জুলাই পর্যন্ত মোট ১২ দিন পূর্ণ দিবস  
ধর্মঘট পালন করিবে। গত বুধবার  
ফেডারেশনের কার্যনির্বাহী পরিষদের এক  
সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়।